

ভর্তি

## বেসরকারি ডেন্টালে ভর্তি আবেদন শুরু

নিম্ন প্রতিবেদক ঢাকা



ডাক্তার প্রতীকী ছবি

দেশের বেসরকারি ডেন্টাল কলেজ ও মেডিকেল কলেজের ডেন্টাল ইউনিটের ২০২২-২৩ শিক্ষাবর্ষের ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। আজ বুধবার থেকে ভর্তি আবেদন শুরু হয়েছে।

স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, অনুমোদিত ডেন্টাল কলেজ ও মেডিকেল কলেজের ডেন্টাল ইউনিটে ভর্তিচ্ছু দেশী শিক্ষার্থীদের টেলিটকের এর মাধ্যমে **অনলাইনে** আবেদন করতে হবে। ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে বিডিএস ভর্তি পরীক্ষায় কৃতকার্য প্রার্থীরা অনলাইনে আবেদন করতে পারবেন। আবেদন ফি এক হাজার টাকা।

আগামী ৫ আগস্ট রাত ১২টা পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে। আবেদন ফি জমাদান দেওয়া যাবে ৬ আগস্ট রাত ১২টা পর্যন্ত। ভর্তির জন্য নির্বাচিতদের আগামী ৯ আগস্ট এসএমএস পাঠানো হবে।



---

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান  
স্বত্ত্ব © ২০২৩ প্রথম আলো